

চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি- 'বাংলাদেশ ডে প্যারেড ও ফেস্টিভ্যাল - ২০১৭'

শুরু হচ্ছে দুই দিনব্যাপী ১১তম "বাংলাদেশ ডে প্যারেড ও ফেস্টিভ্যাল - ২০১৭"

গত এক দশক যাবৎ বাংলাদেশের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সুদূর প্রবাসে এই আমেরিকার অন্যতম প্রধান শহর লস এঞ্জেলসে প্রাণকেন্দ্রে হাজার হাজার প্রবাসীদের নিয়ে জমকালো প্যারেডের আয়োজন করে বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অফ লস এঞ্জেলস (বাফলা)। 'বাংলাদেশ ডে প্যারেড' আজ প্রবাসীদের গর্বের বিষয়ে পরিণত হয়েছে। আগামী ২৫ ও ২৬শে মার্চ শনিবার ও রবিবার দুই দিনব্যাপী এ আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

এবছর প্যারেড অনুষ্ঠিত হবে রবিবার দুপুর ২টায় নরম্যান্ডি এবং থার্ড স্ট্রীট থেকে। বাফলা'র প্যারেড'কে সামনে রেখে 'লিটল বাংলাদেশ' এলাকাকে সৌন্দর্যমন্ডিত করার জন্য বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে, ইতিমধ্যেই প্রধান সড়কে বেশ কিছু ডিজিটাল ব্যানার লাগানো হয়েছে- যা কিনা সকলের দৃষ্টি আকর্ষণ করেছে। পাশাপাশি বাংলাদেশ ডে প্যারেডের রঙিন পোষ্টার, লিফলেট ও বিজ্ঞাপনে ছেয়ে গেছে লস এঞ্জেলসের প্রবাসী বাংলাদেশী এলাকা ও বিপণীকেন্দ্রগুলো। প্রবাসীদের মাঝে তৈরী হয়েছে উৎসবের আমেজ।

এ বছর বাফলা আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিরা হচ্ছেন সিনেটর কামালা হ্যারিস, লস এঞ্জেলস সিটির পুনঃনির্বাচিত মেয়র এরিক গারসেটি, কংগ্রেসম্যান ব্র্যাড শেরম্যান, কনসাল জেনারেল প্রিয়তোষ সাহা, কাউন্সিল প্রেসিডেন্ট অফ এলএ সিটি হার্ব জে উইসন, শেরিফ চিফ কিম ম্যাডনাল্ড, মেম্বার অফ দ্য এলএসিটি ম্যাথুও ফারেল, কাউন্সিলম্যান ডেভিড রাউ, ঢাকা হোমসের পরিচালক বেলায়েত হোসেন প্রমুখ।

দুই দিনব্যাপী এই জামজমকপূর্ণ আয়োজনে আগত অতিথি শিল্পীরা ছাড়াও অনেক প্রবাসী শিল্পীরা বিভিন্ন পারফরমেন্স করবেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি থাকবে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, প্রকাশিত হবে বাফলা'র বার্ষিক ম্যাগাজিন 'অপরাজেয়', থাকছে 'নাগরিক অধিকার' সম্পর্কিত সচেতনতা ও শিক্ষামূলক সেমিনার ইত্যাদি। স্বাধীনতা দিবসের এই ফেস্টিভ্যালে দেশি মুখরোচক খাবার, গহনা, হস্তশিল্পসহ রকমারী পণ্যের স্টল থাকবে। ১৫২ নর্থ ভারমন্ট এভিনিউতে, ভার্জিল মিডল স্কুলে অনুষ্ঠিতব্য দুই দিনব্যাপী এই জমকালো আয়োজন সকলের জন্য উন্মুক্ত; থাকবে পর্যাপ্ত গাড়ি পার্কিংয়ের সুব্যবস্থা।

লস এঞ্জেলস প্রবাসী বাংলাদেশী কমিউনিটির যেকোন সমস্যায় বাফলা নিঃস্বার্থভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। দল-মত, ধর্ম-বর্ণ সবকিছুর উর্ধ্বে থেকে বাফলা কমিউনিটির সুখ-দুঃখে প্রকৃত বন্ধু হিসাবে নিজেদের প্রমাণিত করতে পেরেছে। এছাড়া বাংলাদেশের বাইরে বিশ্বের কোনও বৃহৎ নগরীতে বাংলাদেশকে নিয়ে এত বড় বর্ণিল ও বর্ণাঢ্য আয়োজন ধারাবাহিকভাবে একমাত্র বাফলাই করে থাকে, সেটি আজ সর্ব স্বীকৃতা হিংসা ও হানাহানির এই পৃথিবীকে ভালবাসা দিয়ে যত্ন করে গড়ে তুলবার জন্যে নিরলস কাজ করছে বাফলা। পৃথিবীময় ঘূনার বিরুদ্ধে ভালোবাসার বাণী ছড়িয়ে দিতে অগ্নি মশাল নিয়ে দাঁড়িয়েছে বাফলা। মানুষের প্রতি মানুষের সম্মান এবং ভালবাসার ব্রতি নিয়ে এগিয়ে চলছে বাফলা।

মাতৃভূমি বাংলাদেশের স্বাধীনতা দিবসকে সামনে রেখে, বাফলা'র বর্তমান প্রেসিডেন্ট ডা: আবুল হাশেম, সহ-সভাপতি ইঞ্জিঃ শহীদ আলম, সাধারণ সম্পাদক ইলিয়াস শিকদার, সাংস্কৃতিক সম্পাদিকা শাহনাজ বুলবুল, সাংগঠনিক সম্পাদক সিদ্দিকুর রহমান, অর্থ সম্পাদক রফিকুল ইসলাম ও পাবলিক রিলেশন সেক্রেটারী মারুফ খান এক বিবৃতিতে সকলকে ১১তম বাংলাদেশ ডে প্যারেড ও ফেস্টিভ্যালে সপরিবারে ও সবান্নবে যোগদান করার আহবান জানিয়েছেন।

In Celebration of 46th Independence Day of Bangladesh

BANGLADESH DAY PARADE & FESTIVAL 2017

Saturday March 25th & Sunday March 26th 2017

FLOATS

MARCHING BAND

HORSES

CARRIAGES LIVE MUSIC

& MUCH MORE!!!

Amazing Desi Food, Jewelry, Traditional Cloths, Dignitaries, Popular Singers, Seminar, Community reunion, Live Music, Dance & More!

Come join Us with your Family & Freinds.

Parade
March 26th (will start from 3rd X Normandie-
End Vermont X Virgil Middle School)

Parade assembly

Startup at 2pm from Normandie ave & 3rd street.

Festival Venue

Virgil Middle School

152 N Vermont Ave, Los Angeles, CA 90004

Invited Guests



KAMALA HARRIS
US Senator



BRAD SHERMAN
Congressman



PRIYATOSH SAHA
Consul General



HERB J. WESSON
Council President of LA city



JIM McDONNELL
Sheriff Chief of LAC



MITCH O'FARRELL
Member of the LACC



PAUL KREKORIAN
Member of the LACC



DAVID RYU
Councilman of LAC



BELAYET HUSSAIN
Director, Divaka Homes

Parade Marshal



ERIC GARCETTI
Mayor of LA city



Singer



BIFLOZ
(Protethius Band)

KRIASNA TITI

Media Partner



Bangladesh Unity Federation of Los Angeles

www.bufla.com • fb.com/BUFLAUSA

Bangladesh Unity Federation of Los Angeles (BUFLA)

বাফলা ওয়েবসাইট: www.bufla.com

ফেসবুক পেইজ: www.facebook.com/BUFLAUSA